খুলনা উপআঞ্চলিক পর্যায়ে শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার সমাপনী

৫৩তম উপআঞ্চলিক স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির উদ্যোগে শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার খুলনা উপঅঞ্চলের খেলার সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান আজ (মঙ্গলবার) বিকালে খুলনা জিলা স্কুল মাঠে অনুষ্ঠিত হয়।
অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চলের পরিচালক প্রফেসর ড. মোঃ আনিস-আর-রেজা। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চলের উপপরিচালক মোঃ কামরুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চলের উপপরিচালক (কলেজ) প্রফেসর এস কে মোস্তাফিজুর রহমান ও সাবেক যশোর জেলা শিক্ষা অফিসার একেএম গোলাম আজম।

অনুষ্ঠানে অতিথিরা বলেন, সুস্থ শরীর সবারই দরকার। মেধাবী হলেও শরীর যদি অসুস্থ থাকে, তাহলে মেধাকে কাজে লাগানো যায় না। নিজেকে অত্যন্ত দক্ষ হিসেবে গড়ে তুলতে হলে ক্রীড়ার কোন বিকল্প নেই। এছাড়া সুন্দর স্বাস্থ্য ও জীবন গঠনের জন্য নিয়মিত খেলাধুলা করা প্রয়োজন। খেলাধুলার মাধ্যমেই শিক্ষার্থীদের পারস্পরিক ভালোবাসা, বন্ধুত্ব, নীতি ও ¯◌েœহ-মততার গুণাবলী অর্জিত হয়। লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা করে নিজেকে যোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলতে হবে। তাঁরা আরও বলেন, একজন ক্রীড়াবিদ দেশের সম্পদ। একজন ক্রীড়াবিদ হবেন অত্যন্ত সৎ মানুষ, সজ্জন, বিনয়ী ও ভদ্র।